



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

২৬ মার্চ ২০২৩

## বাউবি'তে মহান স্বাধীনতা দিবস-২০২৩ উদযাপিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপিত হয়। রবিবার সকাল ৬:৩০টায় গাজীপুরস্থ বাউবির মূল ক্যাম্পাস এবং সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে এক যোগে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে সকাল ৯:০০ টায় সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে এবং সকাল ৬. ৪০ টায় গাজীপুর ক্যাম্পাসে স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

কর্মসূচির অংশ হিসেবে সকাল ১১.০০ টায় মাননীয় উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।



উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করছেন বাউবির শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কালাম, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, ডিন ও পরিচালকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও বাউবির শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, বাউবি ডিরেক্টরস কাউন্সিল, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ সাভারে জাতীয় স্মৃতি সৌধে এবং ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ স্থানীয় মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। বাউবি ক্যাম্পাসের মসজিদে জোহরের নামাজের পর স্বাধীনতা যুদ্ধের শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। দিনব্যাপী ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ ও দেশাতুর্বাধক গান প্রচার করা হয় এবং সন্ধ্যায় বাউবি গাজীপুর ক্যাম্পাস এবং সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে আলোকসজ্জা করা হয়।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)